**মোহাম্মদ কাজী ফয়সাল**
পরিচালক, বিসিএস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা, এবং
কোর্স পরিচালক, উপজেলা নির্বাহী অফিসারদের
সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্স

আধা-সরকারি পত্র নম্বর : ০৫.০২.০০০০.০৩৮.২৫.০০১.২৫.০৩

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ / ০৭ এপ্রিল ২০২৫

প্রিয় প্রশিক্ষণার্থী,

বিসিএস প্রশাসন একাডেমিতে ১৩ এপ্রিল ২০২৫ হতে ২৪ এপ্রিল ২০২৫ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় উপজেলা নির্বাহী অফিসারদের সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত হওয়ায় একাডেমির সম্মানিত রেক্টর ও কোর্স ম্যানেজমেন্ট টিমের পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক অভিনন্দন।

০২। আমরা আশা করছি, আপনি ইতোমধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হয়ে ১২ এপ্রিল ২০২৫ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে আপনাকে আবশ্যিকভাবে একাডেমিতে উপস্থিত থাকতে হবে। প্রশিক্ষণের পর্যাপ্ত পূর্ব-প্রস্তুতি গ্রহণের সুবিধার্থে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি:

ক) আমরা নৈতিকতা, সময়ানুবর্তিতা ও শৃঙ্খলার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করি। প্রশিক্ষণার্থী কর্মকর্তাকে এই বিষয়ে সর্বোচ্চ সহযোগিতা করার অনুরোধ করছি।

খ) প্রশিক্ষণে যোগদানের সময় প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের নিম্নোক্ত কাগজপত্র ও ব্যবহার্য জিনিসপত্র সঙ্গে আনার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

- কর্মস্থল থেকে ছাড়পত্র;
- সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;
- নিজ কর্মস্থলের পরিচিতি বিষয়ে উপস্থাপনার জন্য পর্যাপ্ত তথ্য-উপাত্ত;

গ) প্রশিক্ষণকালে ব্যবহারের জন্য ব্যক্তিগত ল্যাপটপ;

ঘ) উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানসহ সকল সেশনে আনুষ্ঠানিক (অফিসিয়াল) পোশাক পরিধান করা বাধ্যতামূলক;

ঙ) একাডেমিতে কমিউনিকেটিভ ইংলিশের ওপর বিশেষ গুরুত্ব প্রদান করা হয়ে থাকে। এ কারণে একাডেমিক সেশনসহ সকল কার্যক্রমে সাধারণত ইংরেজিতে পরিচালিত হবে;

চ) প্রশিক্ষণার্থীদের টাই, গাঢ় রং এর স্যুট/ব্লেজার, শাড়ী, স্কার্ফ (প্রযোজ্য ক্ষেত্রে) সঙ্গে আনতে বিশেষভাবে অনুরোধ করা হলো (বিস্তারিত সংযুক্ত)।

০৩। প্রশিক্ষণ সংক্রান্ত যেকোন প্রয়োজনে নিম্নোক্ত কর্মকর্তা ও কর্মচারীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো:

| **কোর্স সমন্বয়ক** | **সহকারী কোর্স সমন্বয়ক** | **কেয়ারটেকার** | **কোর্স সহকারী** |
|---|---|---|---|
| মোছাঃ নাসরিন বানু<br>মোবাইল: ০১৭১৭৮০৩৮৫১ | জনাব অমিত রায়<br>মোবাইল: ০১৭৭২৪৯১৫৪৭ | মোঃ নাসির উদ্দিন চৌধুরী<br>মোবাইল: ০১৭১২৯৩৫১২৪ | তাছলিমা বেগম<br>যোগাযোগ: ০১৭১৭৮২৯১৪২ |

একাডেমিতে আপনার আনন্দময় অবস্থান প্রত্যাশা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

Faisal 09/04/2025

**মোহাম্মদ কাজী ফয়সাল**
কোর্স পরিচালক
মোবাইল নম্বর: ০১৭৭৭৩৩২২১১

---------------- (প্রশিক্ষণার্থী)
উপজেলা নির্বাহী অফিসারদের
সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্স

# ১৫তম অধ্যায়
# পোশাক বিধি

## ১৫.১ পোশাক সংক্রান্ত সাধারণ নির্দেশাবলী

I. পোশাক সম্পর্কে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ব্যাখ্যাই চূড়ান্ত।

II. প্রত্যেক অনুষ্ঠানে প্রশিক্ষণ প্রতিষ্ঠান/ কোর্স ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পোশাক পরিধান করতে হবে।

## ১৫.২ পোশাকবিধি

| ক্রম | অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | নারী প্রশিক্ষণার্থী | পুরুষ প্রশিক্ষণার্থী |
|---|---|---|---|
| ১. | শ্রেণীকক্ষ অধিবেশন/শিক্ষাসফর/সংযুক্তি কার্যক্রম/ক্যাফেটেরিয়া (প্রশিক্ষণ দিনে)/ কোর্স প্রশাসন, অনুষদের সাথে সাক্ষাত/রেক্টর'স টি, মেস নাইট | ১। দেশি শাড়ী (সুতি/সিল্ক) [রঙ: মভ, আকাশী নীল (স্কাই ব্লু), পিচ, হালকা ধূসর (লাইট গ্রে)];<br><br>২। ক্লোসড় সুজ (রঙ: কালো, গ্রে);<br><br>৩। স্কিন কালারড় লম্বা মোজা।<br><br>৪। বিশেষ পরিস্থিতিতে স্কার্ফ ও লং কটি পরিধানের প্রয়োজন হলে তা অবশ্যই সাধারণভাবে সুপারিশকৃত রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। | ১। ক্লোসড় কলার ফুল হাতা শার্ট [রঙ: সাদা, আকাশী নীল (স্কাই ব্লু), ছাই/লাইট গ্রে];<br><br>২। নির্ধারিত টাই;<br><br>৩। ফর্মাল ফুল প্যান্ট (জিন্স, গ্যাবার্ডিন/কট কাপড় প্রযোজ্য নয়)। [রঙ: কালো, অফিসিয়াল নেভি ব্লু];<br><br>৪। অক্সফোর্ড লেইস্‌ড সুজ (কালো);<br><br>৫। প্যান্টের রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ লম্বা মোজা;<br><br>৬। বিশেষ পরিস্থিতিতে অন্যান্য পরিচ্ছদ পরিধানের প্রয়োজন হলে তা অবশ্যই সাধারণভাবে সুপারিশকৃত রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। |
| ২. | উদ্বোধন ও সমাপন অনুষ্ঠান/গেস্ট নাইট | ১। জামদানী শাড়ী [রঙ: হাল্কা ল্যাভেন্ডার, কপার ব্রাউন, সি গ্রিন];<br><br>২। ব্লেজার (অফিসিয়াল নেভি ব্লু);<br><br>৩। ক্লোসড় সুজ (রঙ: কালো, ধূসর);<br><br>৪। স্কিন কালারড় লম্বা মোজা। | ১। স্যুট (অফিসিয়াল নেভি ব্লু);<br><br>২। ফুল হাতা সাদা শার্ট;<br><br>৩। নির্ধারিত টাই;<br><br>৪। অক্সফোর্ড লেইস্‌ড সুজ (কালো);<br><br>৫। লম্বা মোজা (কালো)। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ক্রীড়া অধিবেশন | ১। পোলো শার্ট, ট্রাউজার, ট্র্যাকস্যুট (শীতকালীন);<br><br>২। সালোয়ার-কামিজ-ওড়না;<br><br>৩। লম্বা মোজা;<br><br>৪। কেড্‌স।<br><br>[সব সাদা] | ১। পোলো শার্ট, ট্র্যাকস্যুট (শীতকালীন);<br><br>২। ট্রাউজার/শর্টস;<br><br>৩। লম্বা মোজা;<br><br>৪। কেড্‌স।<br><br>[সব সাদা] |
| ৪. | ক্যাফেটেরিয়া/লাইব্রেরি ওয়ার্ক/কম্পিউটার ল্যাব/ডরমিটরির বাইরে অবস্থান/অতিথির সাথে সাক্ষাত (অধিবেশন ব্যতীত/ছুটির দিন) | ১। শাড়ী/সালোয়ার-কামিজ-ওড়না;<br><br>২। লেদার সুজ/স্যান্ডেল। | ১। ওপেন কলার শার্ট সঙ্গে ফুল প্যান্ট (জিন্স, গ্যাবার্ডিন/কট কাপড় প্রযোজ্য নয়);<br><br>২। লেদার সুজ/স্যান্ডেল সু। |
| ৫. | জাতীয়/আন্তর্জাতিক অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | ১ নং ক্রমিকে বর্ণিত পোশাকের অনুরূপ। প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন নির্দেশনা প্রদান করবে। | ১ নং ক্রমিকে বর্ণিত পোশাকের অনুরূপ। প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন নির্দেশনা প্রদান করবে। |
| ৬. | ধর্মীয় অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | প্রচলিত রীতি-প্রথা অনুযায়ী পোশাক-পরিচ্ছদ। তবে, এক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন সকলের সাথে সমন্বয়ের লক্ষ্যে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে। | প্রচলিত রীতি-প্রথা অনুযায়ী পোশাক-পরিচ্ছদ। তবে, এক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন সকলের সাথে সমন্বয়ের লক্ষ্যে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে। |